

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: office@ntrca.gov.bd

স্মারক নং: বেশিনিক/শিশি/বেশিপ্রশিনি/৮৫৪/২০১৮/৩৮৬

তারিখ : ৩১ অক্টোবর ২০১৯।

বিজ্ঞপ্তি

(সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশিত)

২য় নিয়োগ চক্রের প্রথম ধাপে যে সকল পদে প্রার্থী যোগদান করেননি এবং যোগদান না করার কারণে যে সব পদ শূন্য রয়েছে সে সকল পদে প্রার্থী সুপারিশকরণের নিমিত্ত সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ২য় নিয়োগ চক্রে প্রদত্ত চাহিদা এবং সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের স্বাক্ষরসহ প্রেরিত যাচাই প্রতিবেদনের ভিত্তিতে ৩৫৬৮টি শিক্ষা প্রতিষ্ঠানের ২৬টি ক্যাটাগরির ৪৬৭৩টি প্রকৃত শূন্যপদ পাওয়া যায়। তবে সহকারি শিক্ষক (আইসিটি, স্কুল পর্যায়) পদে মামলাজনিত কারণে ৯৯৬টি পদ আপাতত স্থগিত রেখে অবশিষ্ট ৩৬৭৭টি শূন্য পদের মধ্যে ১৬০৩টি এমপিও পদে আজ নিয়োগের সুপারিশ করা হলো। এর মধ্যে ১১৬২টি পদ মেধার ভিত্তিতে এবং ৪৪১৫টি পদ মহিলা কোটার ভিত্তিতে নির্বাচিত। শিক্ষা মন্ত্রণালয়ের ৩০ ডিসেম্বর ২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫(অংশ)-১০৮১ সংখ্যক স্মারকের পরিপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে মহিলা কোটার পরিপত্র অনুসরণপূর্বক মেধাক্রম অনুযায়ী ২য় নিয়োগচক্রের ২য় ধাপে প্রতিষ্ঠান ভিত্তিক আবেদনকারীদের মধ্য হতে বিধিমতে ২৫টি (২৩টি এমপিও , ০২টি নন-এমপিও)স্থগিত শূন্য পদে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ১ম মেধাধারী এবং অবশিষ্ট শূন্য পদে প্রথম মেধাধারী যোগদান না করায় সংশ্লিষ্ট দ্বিতীয় সর্বোচ্চ মেধাধারী প্রার্থীগণকে অনলাইনের মাধ্যমে নির্বাচন করে নিয়োগের জন্য সুপারিশ করা হলো। ৩৯২টি এমপিও পদে প্রার্থী না পাওয়ায় (মেধা এবং মহিলা কোটা) নিয়োগের জন্য সুপারিশ করা যায়নি। সুপারিশকৃত প্রার্থীদের বিস্তারিত ফলাফল <http://ngi.teletalk.com.bd> লিংকে ৩১/১০/২০১৯ তারিখ সন্ধ্যা ৭টা হতে দেখা যাবে। সুপারিশপ্রাপ্ত প্রার্থীদেরকে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হচ্ছে। প্রতিষ্ঠান প্রধানগণ সুপারিশকৃত প্রার্থীদের তালিকা তাঁদের User ID ও Password ব্যবহার করে দেখে নিতে পারবেন।

নন-এমপিও পদে নির্বাচিত প্রার্থীদের তালিকা আগামীকাল প্রকাশিত হবে যা <http://ngi.teletalk.com.bd> লিংকে ০১/১১/২০১৯ তারিখ বেলা ৩টা হতে দেখা যাবে।

প্রসঙ্গত উল্লেখ্য যে, নির্বাচিত প্রার্থীদের যোগদানে কোন অসুবিধার সৃষ্টি হলে অথবা যোগদানে কোন বাধার সম্মুখীন হলে সরাসরি সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করে নিষ্পত্তি করতে হবে। জেলা শিক্ষা অফিসার কোন কারণে উক্ত সমস্যার নিষ্পত্তি করতে অপারগ হলে কেবলমাত্র সে সমস্যা অত্রাফিসকে অবহিত করতে হবে। শুধুমাত্র জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে প্রাপ্ত আবেদন এ কার্যালয় কর্তৃক আমলে নেয়া হবে। এ বিষয়ে প্রার্থীদের সরাসরি আবেদনগুলি কোন পদক্ষেপ গ্রহণ ব্যতিরেকে নথিভুক্ত করা হবে।

চেয়ারম্যান
এনটিআরসিএ, ঢাকা।